

৫৬

রেজিঃ ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস বন্ড কমিশনারেট  
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।  
[www.w.cbc.gov.bd](http://www.w.cbc.gov.bd)  
Email: bondcomdhk@gmail.com

নথি নং- ৫(১৩)৯৪/কাস-বন্ড/বিন লক/২০১৪/ ১৫২৬ (১-১০)

তারিখঃ ০৫ /০৬/২০১৪


- প্রাপকঃ ১-৬। কমিশনার  
কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মংলা/পানগাঁও/আইসিডি,  
৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।  
৮-১০। সহকারী কমিশনার  
ডিইপিজেড, সাভার, ঢাকা/আদমজী ইপিজেড, নারায়নগঞ্জ/ সিইপিজেড, চট্টগ্রাম।


**বিষয়ঃ কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা-এর আওতাধীন বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের BIN Lock প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সম্প্রতি এ্যাসাইকুডা ওয়ার্ল্ড প্রকল্প তথা জাতীয় রাজস্ব বোর্ড হতে বন্ড কমিশনারেট, ঢাকার আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে অধিকতর মনিটর ও সেবা প্রদানের লক্ষে **BIN lock** এবং **BIN Unlock** করার পদ্ধতি প্রদান করা হয়েছে। কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর আওতাধীন বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠান সমূহ শুদ্ধ মুক্ত আমদানি-রপ্তানি সম্পন্ন করে থাকে। যথাযথ রাজস্ব সুরক্ষার স্বার্থে সংগত কারণে বিভিন্ন প্রতিষ্ঠানের **BIN Lock** এবং **BIN Unlock** করা হচ্ছে। উল্লেখ্য, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা কর্তৃক **Lock-কৃত** প্রতিষ্ঠানের **BIN** অত্র দপ্তরকে অবহিত না করে কোন কোন ক্ষেত্রে অন্য কমিশনারেট/শুদ্ধ ভবন/ইউজার কর্তৃক **Unlock** করা হচ্ছে। এতে করে বিভিন্ন বন্ধ (স্থগিত/সেকশন-২০২ ধারা প্রয়োগকৃত/সার্টিফিকেট মামলা/ব্যাংক একাউন্ট ফ্রিজ/অস্তিত্বহীন) প্রতিষ্ঠানসমূহ অথবা অস্তিত্বহীন লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক শুদ্ধ মুক্ত আমদানির প্রচেষ্টা রোধকরণের কাজ ব্যাহত হচ্ছে এবং বন্ড লাইসেন্সের অপব্যবহারসহ নানাবিধ জটিলতা এবং শুদ্ধ ফাঁকির ঘটনা বৃদ্ধি পাওয়ার সম্ভবনা তৈরী হচ্ছে।

০৩। এমতাবস্থায়, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা কর্তৃক **Lock-কৃত** বন্ড লাইসেন্সধারী কোন প্রতিষ্ঠানের **BIN Unlock** করার বিষয়ে এ দপ্তরের সম্মতি নেয়ার জন্য অনুরোধ করা হলো।

  
০৫.৬.২০১৪




(ড. মো: সহিদুল ইসলাম)  
কমিশনার(চলতি দায়িত্ব)  
ফোনঃ ৯৩৪৭০০০




নথি নং- ৫(১৩)৯৪/কাস-বন্ড/বিন লক/২০১৪/ ১৫২৭ (১-২)  
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

তারিখঃ ০৫ /০৬/২০১৪

১. সদস্য (শুদ্ধ রপ্তানী ও বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২. ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, এ্যাসাইকুডা ওয়ার্ল্ড প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।



  
০৫/০৬/২০১৪  
(মো: ইফতেখার আলম ভূঁইয়া)  
সহকারী কমিশনার

